# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.০১.১৯.১৬৫ তারিখঃ ২৮-০৫-২০১৯ খ্রি.

**বিষয়ঃ একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে এস.এস.সি (ভোক:) শিক্ষাক্রমে নিম্নলিখিত শর্তে বর্ণিত ট্রেডসমূহে ০১/০৭/২০১৮ তারিখ হইতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বৎসরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। ৩০/০৬/২০২১ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে এবং উক্ত প্রতিষ্ঠানে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় পরিচালনা থেকে বিরত করা হবে।

উল্লেখ্য যে, নিম্নলিখিত তালিকায় ০৭(সাত) টি প্রতিষ্ঠানসমূহের জমির দলিলে তথ্য গরমিল/নামজারি/ডিসিআর/সর্বশেষ খাজনা খারিজ না থাকায় প্রতিষ্ঠান সমূহকে আগামী তিন মাসের মধ্যে জমির তথ্যাদি প্রয়োজনীয় যাচাই বাছাই সম্পূন্ন করার শর্তে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। অন্যথায় একাডেমিক স্বীকৃতি বাতিল করা হবে।

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠান কোড ও কারিকুলাম | ট্রেডসমূহ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | দেওয়ানের চর মাধ্যমিক বিদ্যালয়, দেওয়ানের চর, উপজেলা: বেলাব, জেলা: নরসিংদী। | কোড: ৫২০৪৯<br>এসএসসি (ভোক:) | ১. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস<br>২. ড্রেস মেকিং | শর্তসাপেক্ষে সুপারিশকৃত। |
| ২. | কালিয়াচাপড়া চিনিকল উচ্চ বিদ্যালয়, মাইজহাটি, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ। | কোড: ৫৯০৩৬<br>এসএসসি (ভোক:) | ১. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস<br>২. সিভিল কন্সট্রাকশন | শর্তসাপেক্ষে সুপারিশকৃত। |
| ৩. | আমড়া গাছিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়, আমড়াগাছিয়া, শরনখোলা, বাগেরহাট। | কোড: ৩৬০৭২<br>এসএসসি (ভোক:) | ১.বিল্ডিং মেইনটেন্যান্স<br>২.কম্পিউটার ও তথ্য প্রযুক্তি<br>৩.জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | শর্তসাপেক্ষে সুপারিশকৃত। |
| ৪. | আর্সিয়া টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ভেলাগুড়ি, হাতিবান্ধা, লালমনিরহাট। | কোড: ১৫০৪০<br>এসএসসি (ভোক:) | ১. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি<br>২.জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | শর্তসাপেক্ষে সুপারিশকৃত। |
| ৫. | গোপালদীঘি কে পি ইউ উচ্চ বিদ্যালয়, কালিহাতি, টাংগাইল। | কোড: ৫৪০৯৭<br>এসএসসি (ভোক:) | ১.কম্পিউটার<br>২.ড্রেস মেকিং এন্ড টেইলারিং | শর্তসাপেক্ষে সুপারিশকৃত। |
| ৬. | কাজিপুর থানা সদর বিএম কলেজ, আলমপুর, কাজিপুর, সিরাজগঞ্জ। | কোড: ২৫০৫৪<br>এসএসসি (ভোক:) | ১.কম্পিউটার ও তথ্য প্রযুক্তি<br>২.জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস<br>৩.পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং | শর্তসাপেক্ষে সুপারিশকৃত। |
| ৭. | কাদিরাবাদ উচ্চ বিদ্যালয়, পীরগঞ্জ, রংপুর। | কোড: ১৬০১৮<br>এসএসসি (ভোক:) | ১.বিল্ডিং মেইনটেন্যান্স<br>২.জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | শর্তসাপেক্ষে সুপারিশকৃত। |

**শর্তসমূহ ঃ**

১. নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নামে নামজারিসহ জমি সংক্রান্ত সকল তথ্যের মুল কপি যাচাই বাছাই কমিটিকে প্রদর্শন করতে হবে। কোন তথ্যের কাগজ জাল প্রমানিত হলে একাডেমিক স্বীকৃতি তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।
২. ছাত্র-ছাত্রীর সংখ্যা ও পরিচালিত ট্রেড চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক মানসম্পন্ন ক্লাশ রুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৩. পরিচালিত ট্রেডের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
৪. ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক (কমপক্ষে ২০টি ) ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।
৫. প্রবিধান মোতাবেক যথাযথ ক্লাশ রুটিন ও প্রধান শিক্ষক/সুপার এর কক্ষে মাষ্টার রুটিন থাকতে হবে। রুটিন অনুসারে তাত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতে হবে। ছাত্র-ছাত্রীদের হাজিরা যথাযথভাবে সংরক্ষন করতে হবে এবং উপস্থিতি সন্তোষজনক হতে হবে।
৬. শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।
৭. লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই সংরক্ষণ করতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।
৮. নীতিমালা অনুযায়ী উপযুক্ত পরিমান অর্থ (সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল) ব্যাংকে জমা রাখতে হবে। এস.আর.ও অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে ও ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৯. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে। বোর্ডের কর্মকর্তা পরিদর্শনে গেলে চাহিবামাত্র তা প্রদর্শন করতে হবে।
১০. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। কারিকুলাম অনুযায়ী বোর্ডের শিক্ষাবর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।
১১. একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির পরেও শিক্ষার্থী ভর্তির পূর্বে প্রতি শিক্ষাবর্ষে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।
১২. স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন ট্রেডে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত ট্রেড বাতিল বলে গণ্য হবে।
১৩. এস, আর, ও অনুযায়ী বৈধ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।
১৪. উল্লেখিত শর্তসমূহের কোন ব্যতয় পরিলক্ষিত হলে উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি স্বয়ংক্রিয় ভাবে বাতিল বলে গণ্য হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে।

(প্রকৌ: মো: আবদুল কুদ্দুস সরদার)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ/সুপার
..................................................
..................................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.০১.১৯.১৬৫ তারিখঃ ২৮-০৫-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩-৫. সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ............................ ।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ................................ ।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস নথি।

২৮/০৫/১৯
(মোঃ ফেরদাউছুর রহমান )
উপ-পরিদর্শক (ভোক:) দায়িত্বপ্রাপ্ত
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।